

অক্ষর রচিত শিল্প

অক্ষর রচিত শিল্প নষ্ট হতে থাকে
ভেসে আসা নুনে, নাকি নথের আঁচড়ে !

প্রলয়ের ছন্দ নিয়ে পাথরের নটরাজ
শিল্প হয়ে গেছে। বিপন্ন সময়ে
কবিতার শিল্প শুধু নষ্ট হতে থাকে।

যে বাতাস ভর দিয়ে আমার চোখেরা উড়ে যায়
খুঁজে নিতে নতুন আশ্রয়, সে বাতাসশরীর আজ
অচেনা অসুস্থ পুড়ে যায়।
যখন ঘুমের পাশে স্ফপ্ত এসে শোয়
জটা চুলে বিলি কেটে বলে
ধর্বসের ছাই মাখা বন্ধা ভূমিও
সন্তানসন্ত্বা হতে পারে।

এক খন্দমেঘ নিয়ু হয়ে
শুনেছে সে কথা। তার শুকনো বুকও বুঝি।
দুধে ভরে যাবে !

কপালের ঘাম মুছে নেয়।

র মেন আচার্য

